

**অংকের প্রশ্নপত্র
ভুলের জন্য
ঢাকা বোর্ডের
দৃঃখ প্রকাশ**

(স্টাফ রিপোর্টার)

এবারের এসএসসি পরীক্ষায় অংকের প্রশ্নপত্র ভুলের জন্য ঢাকা বোর্ড আন্তরিকভাবে দৃঃখ প্রকাশ করেছে। প্রশ্নপত্রে মৃদু বিভ্রান্তির জন্য পরীক্ষার্থীদের অনেক হয়রানি ও দৃষ্টিভ্রান্ত পড়তে হয়েছে বলেও বোর্ড বার্তা (শেষ পঃ ৩-এর কঃ দ্রঃ)

দৃঃখ প্রকাশ

(প্রথম পঃ পর)

করেছে। বোর্ড গতকাল এক তথ্য বিবরণীতে প্রশ্নপত্রে ভুল সম্পর্কে ব্যাখ্যা দিতে গিয়ে বলেছে যে এজন্য পরীক্ষার্থীদের কোন বাসায়ও দিতে হবে না। নিয়ম অনুযায়ী সরল অংকটি যারা বন্ধনীসহ অথবা বন্ধনী ছাড়া সমাধান করেছে তারা উভয়েই পূর্ণ নম্বর পাবে বলেও বোর্ড উল্লেখ করেছে।

মৃদুগণ প্রতি সম্পর্কে বোর্ড তাদের ব্যাখ্যায় জানিয়েছে যে প্রশ্নপত্র প্রণয়ন, পর্বিশোধন, মৃদুগ ইত্যাদি ক্ষেত্রে বোর্ডের কোন কর্মকর্তার প্রত্যক্ষ ভূমিকা থাকে না। এছাড়া এসব ব্যাপারে নিয়ম অনুযায়ী বোর্ডের কোন কর্মকর্তারই তা দেখার সুযোগ নেই।

ঢাকা বোর্ডের এই ব্যাখ্যার পরেও প্রশ্ন দেখা দিয়েছে, তবে এই ভুলের জন্য কে দায়ী? কার দায়িত্বহীনতার জন্য পরীক্ষার্থীরা এই বিভ্রান্তি ও হয়রানীতে পড়ছে? দায়িত্ব অবহেলাকারী উক্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গের বিরুদ্ধে কি বোর্ড কোন ব্যবস্থা নিয়েছে? গুরুত্ব এই ভুলের বিষয়টি এমন হালকাভাবে উড়িয়ে দেয়া হার না বলেও অভিভাবক ও শিক্ষকমহল অস্বস্তি পকাশ করেছেন।

প্রসঙ্গত গতকাল বিভিন্ন পত্রিকায় অংকের প্রশ্নপত্রে সরল অংকটিতে ভুল সম্পর্কে রিপোর্ট প্রকাশিত হয়েছিল।